

**ভারতে সরকারি সফরে ইরাকের বিদেশমন্ত্রী  
(২৪-২৬ জুলাই, ২০১৭)**

ভারতে প্রথম সরকারি সফরে ইরাকের বিদেশমন্ত্রী ড. ইব্রাহিম আল-জাফারি সাক্ষাৎ করলেন পররাষ্ট্র মন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজের সঙ্গে, নয়াদিল্লি, ২৪ জুলাই, ২০১৭। ওই দিনই ইরাকি বিদেশমন্ত্রী সাক্ষাৎ করেন মহামান্য উপরাষ্ট্রপতির সঙ্গে এবং সাক্ষাৎ করেন পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)-এর সঙ্গে। এ ছাড়াও তিনি মুম্বই সফর করেন।

পারস্পরিক স্বার্থজনিত দ্বিপক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে দুই বিদেশমন্ত্রী পর্যালোচনা করেন। আলোচনা হয় পুরোপুরি গঠনমূলক এবং বন্ধুত্বপূর্ণ পরিবেশে।

৯ জুলাই ইরাকের কুটনৈতিক শহর মসুল থেকে জঙ্গি সংগঠন আইএসআইএস-কে হাটিয়ে শহর নিজেদের দখল আনার জন্য ইরাকের বিদেশমন্ত্রীকে অভিনন্দন জানান পররাষ্ট্রমন্ত্রী। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ইরাকের সাধারণ মানুষ এবং সে দেশের সরকারের ধারাবাহিক লড়াইয়ের প্রতি এবং দেশের সার্বভৌমত্ব রক্ষা এবং আঞ্চলিক সংহতি রক্ষার তাদের প্রচেষ্টার প্রতি ভারতের সমর্থনের কথা জানান পররাষ্ট্রমন্ত্রী। ভারত যে সর্বদা তাদের পাশে রয়েছে, এ বিষয়ে তিনি সফররত প্রতিনিধিদের আশ্বস্ত করেন এবং স্থিতিশীল, শান্তিপূর্ণ, ঐক্যবন্ধ এবং গণতান্ত্রিক ইরাক গঠনের প্রতি ভারতের অঙ্গিকারের কথা দৃঢ়ভাবে ব্যক্ত করেন। ইরাকের বিদেশমন্ত্রী পররাষ্ট্রমন্ত্রীকে তাঁর অভিনন্দন সূচক পত্রের জন্য এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী (ড.) ভি কে সিং (অবসরপ্রাপ্ত)-এর ইরাক সফরের জন্য ধন্যবাদ জানান, মসুল মুক্তির পর এই প্রথম বিদেশের কোনও উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের ইরাক সফর।

আইএসআইএস জঙ্গিদের কবল থেকে মসুলকে ইরাকি সেনা মুক্ত করার পর, পররাষ্ট্রমন্ত্রী ৩৯ ভারতীয় নাগরিকের হাদিশের বিষয়ে ভারত সরকারের অনুরোধ পুনর্ব্যক্ত করেন, যাঁদের ২০১৪ সালের জুন মাসে মসুল থেকে অপহরণ করা হয়েছিল এবং ইরাক তাদের মুক্তির বিষয়ে

ধারাবাহিক ভাবে সাহায্য করার কথা বলে আসছিল। ইরাকের বিদেশমন্ত্রী ইরাক সরকারের তরফ থেকে সব রকম সহযোগিতার আশ্বাস দেন এবং পররাষ্ট্রমন্ত্রীকে জানান এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথা। পররাষ্ট্রমন্ত্রী ইরাকের বিদেশমন্ত্রীকে অনুরোধ করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী জেনারেল (ড.) ভি কে সিং (অবসরপ্রাপ্ত)-এর বেদুশ সফর সাফল্যমণ্ডিত করার জন্য, এ বিষয়ে ড. ইব্রাহিম আল-জাফারি সহজেই সম্মত হয়েছেন।

পররাষ্ট্রমন্ত্রী ইরাককে ধন্যবাদ জানান ভারতকে শক্তি নিরাপত্তায় সহায়তা করার জন্য, যারা আমাদের দ্বিতীয় বৃহত্তম অপরিশোধিত তেল সরবরাহকারী। আইটিইসি কার্যকলাপের সক্ষমতা বৃদ্ধি-সহ ইরাকের কঠিন পরিস্থিতিতে ভারতের দৃঢ় সমর্থনের প্রশংসা করেন সফরতর মন্ত্রী। তিনি বিশেষ করে উল্লেখ করেন উচ্চ শিক্ষা এবং চিকিৎসা সংক্রান্ত বিষয়-সহ বিভিন্ন ক্ষেত্রে ইরাকী নাগরিকদের ভারত সব সময় স্বাগত জানাচ্ছে। ইরাকের বিদেশমন্ত্রী ভারতীয় সংস্থাগুলিকে ইরাকের পুনর্গঠন এবং পুনর্নির্মাণে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানায়, যাকে পররাষ্ট্রমন্ত্রী স্বাগত জানিয়েছেন।

নয়াদিল্লি

জুলাই ২৭, ২০১৭